

ত্রী আল-আন'আম | Al-An'am | الْأَنْعَام

আয়াতঃ ৬ : ১৬৩

💵 আরবি মূল আয়াত:

لَا شَرِيكَ لَهُ وَ بِذَٰلِكَ أُمِرتُ وَ أَنَا أَوَّلُ المُسلِمِينَ ﴿١٤٣﴾

'তাঁর কোন শরীক নেই এবং আমাকে এরই নির্দেশ প্রদান করা হয়েছে। আর আমি মুসলমানদের মধ্যে প্রথম'। — আল-বায়ান

তাঁর কোন শরীক নেই, আমাকে এরই নির্দেশ দেয়া হয়েছে আর আমিই সর্বপ্রথম আত্মসমর্পণকারী। — তাইসিরুল তাঁর কোন শরীক নেই, আমি এর জন্য আদিষ্ট হয়েছি, আর মুসলিমদের মধ্যে আমিই হলাম প্রথম। — মুজিবুর রহমান

No partner has He. And this I have been commanded, and I am the first [among you] of the Muslims." — Sahih International

১৬৩. তার কোন শরীক নেই। আর আমাকে এরই নির্দেশ প্রদান করা হয়েছে(১) এবং আমি মুসলিমদের মধ্যে প্রথম।

(১) অর্থাৎ আমাকে আল্লাহ তা'আলার পক্ষ থেকে এরূপ ঘোষণা করার এবং আন্তরিকতা অবলম্বন করার নির্দেশ দেয়া হয়েছে। আর আমি সর্বপ্রথম অনুগত মুসলিম। উদ্দেশ্য এই যে, এ উম্মতের মধ্যে সর্বপ্রথম মুসলিম আমি। [আত-তাফসীরুস সহীহ] কেননা, প্রত্যেক উম্মতের সর্বপ্রথম মুসলিম স্বয়ং ঐ নবীই হন, যার প্রতি ওহী নাযিল করা হয়। আর প্রত্যেক নবীর দ্বীনই ছিল ইসলাম। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১৬৩) তাঁর কোন অংশী নেই এবং আমি এ সম্বন্ধেই আদিষ্ট হয়েছি। আর আত্মসমর্পণকারী (মুসলিম)দের মধ্যে আমিই প্রথম।' [1]

[1] তাওহীদে উল্হিয়াত তথা আল্লাহর একত্বতার দাওয়াত সকল নবীরা দিয়েছেন। এখানেও শেষ নবীর পবিত্র জবান দ্বারা ঘোষণা করানো হচ্ছে যে, "আমাকে এরই নির্দেশ দেওয়া হয়েছে এবং আমি আত্মসমর্পণকারী মুসলিমদের প্রথম।" অন্যত্র মহান আল্লাহ বলেন, "তোমার পূর্বে যে রসূলই আমি প্রেরণ করেছি, তাঁকে এই আদেশই করেছি যে, আমি ব্যতীত কোন সত্য উপাস্য নেই। অতএব, তোমরা আমারই ইবাদত কর।" (সূরা আম্বিয়াঃ ২৫) নূহ (আঃ)ও এই ঘোষণা দিয়েছেন, ﴿نَا الْمُسْلَمِينَ الْمُسْلَمِينَ الْمُسْلَمِينَ وَمِنَ الْمُسْلَمِينَ الْمُسْلَمِينَ وَمِنَ الْمُسْلَمِينَ الْمُسْلَمِينَ وَمِنَ الْمُسْلَمِينَ الْمُسْلَمِينَ وَمِنَ الْمُسْلَمِينَ وَالْمَعْمِينَ وَمِنَا وَمِنْ وَالْمُعْلَمِينَ وَمِنَا وَالْمُونَا وَمِنْ وَالْمُعْلَمُ وَالْمُعْلَمِينَا وَمِنْ وَالْمُعْلَمِينَا وَالْمُعْلَمِينَا وَالْمُعْلَمُ وَالْمُعْلَمِينَا وَالْمُعْلَمِينَا وَالْمُعْلَمِينَا وَالْمُعْلَمِينَا وَالْمُعْلَمُ وَالْمُعْلَمُ وَالْمُعْلَمُونَا وَالْمُعْلَمِينَا وَالْمُعْلَمُ وَالْمُعْلَمِينَا وَالْمُعْلَمُ وَالْمُعْلَمُ وَالْمُعْلَمُونَا وَالْمُعْلَمُ وَالْمُعْلِمُ وَالْمُعْلَمُ وَالْمُعْلِمُ وَالْمُعْلَمُ وَالْمُعْلِمُ وَالْمُعْلَمُ وَالْمُعْلِمُ وَال



হয়েছে যে, আমি যেন আত্মসমর্পণকারী (মুসলিম)-দের অন্তর্ভুক্ত থাকি. (সূরা ইউনুস ৭২) ইবরাহীম (আঃ) সম্পর্কে এসেছে যে, যখন আল্লাহ তাআলা তাঁকে বললেন, أُسُلِمْ (আত্মসমর্পণ কর।), তখন তিনি বললেন, الْعَالَمِيْنَ विশ্ব-জগতের প্রতিপালকের কাছে আমি আত্মসমর্পণ করলাম।" (সূরা বাকারাহ ১৩১) ইবরাহীম এবং ইয়াকূব عليهما السلام তাঁদের সন্তানদের অসিয়ত করেছিলেন, (সূরা বাকারাহ ১৩১) ইউসুফ (আঃ) আত্মসমর্পণকারী (মুসলিম) না হয়ে তোমরা অবশ্যই মৃত্যুবরণ করো না। (সূরা বাকারাহ ১৩২) ইউসুফ (আঃ) দু'আ করেছিলেন, {نَوَفَنِيْ مُسُلِمُوْنَ} অর্থাৎ, তুমি আমাকে আত্মসমর্পণকারী (মুসলিম) হিসাবে মৃত্যু দান করো। (সূরা ইউসুফ ১০১) মূসা (আঃ) তাঁর জাতিকে বলেছিলেন, (ত্যুমি ক্রিন্ট্রা إِنْ كُنْتُمْ مُسُلِمِيْنَ} অর্থাৎ, তাঁরই উপর ভরসা কর; যদি তোমরা মুসলিম হও। (সূরা ইউনুস ৮৪) ঈসা (আঃ)-এর সহচররা বলেছিলেন, (وَاشْهَدْ بِلَانَّنَا مَسْلُمُوْنَ وَالْمُوْنَ وَالْمُؤْنَ وَالْمُوْنَ وَالْمُوْنَ وَالْمُونَ وَالْمُوْنَ وَالْمُونَ وَالْمُونَ وَالْمُوْنَ وَالْمُؤْنَ وَالْمُونَ وَالْمُؤْنَ وَالْمُونَ وَالْمُؤْنَ وَالْم

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=952

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন